

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ পর্যালোচনা সম্পর্কিত ২৬/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম ফজলুজ্জোহা, পরিচালক (প্রশাসন)
স্থান : বোর্ডের সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সময় : ২৬ আগস্ট ২০২১, দুপুর ০৩.০০টা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট – ‘ক’ তে দেখানো হলো।


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রোগ্রামার বোর্ডের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন ক্ষেত্র [১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ এর আওতায় কার্যক্রম [১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সম্পর্কে সভায় উপস্থাপন করেন।

নং	আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত
১.	সাধারণ চিকিৎসা অনুদান	সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য বছরে একবার চিকিৎসা অনুদান হিসেবে সর্বোচ্চ টা. ৪০,০০০/- প্রদান করা হয়। কর্মচারীর নিজ এবং তাঁর পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৬৭ বছর পর্যন্ত এ অনুদান পেয়ে থাকেন। এ সেবার ক্ষেত্রে বোর্ডের বিধিমালা সংশোধনের মাধ্যমে ২২ জুন, ২০২১ তারিখ হতে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন ও সহজিকরণ করা হয়েছে। বর্তমানে কর্মচারী নিজে আমৃত্যু এবং তার পরিবারের সদস্যগণ কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত সাধারণ চিকিৎসা অনুদান প্রাপ্য হবেন। এ কার্যক্রম অব্যাহত রয়েছে।	বোর্ডের গৃহীত সকল উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা কার্যক্রম প্রতিনিয়ত মনিটরিং এর মাধ্যমে এ অগ্রগতি অব্যাহত রাখতে হবে।
২.	Unique Registration System	কল্যাণ বোর্ডে একাধিক সেবার আবেদন অনলাইনে দাখিল করার জন্য একই কর্মচারী প্রত্যেকবার রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হতো। বর্তমানে সেবা সহজিকরণ করে Unique Registration System প্রবর্তনের মাধ্যমে একজন কর্মচারী কল্যাণ বোর্ডে অনলাইনে সেবার আবেদন দাখিলের ক্ষেত্রে একবারই রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করবে। পরবর্তীতে লগইন করে সেবা সিলেক্ট করে আবেদন ফরম পূরণ করে আবেদন করতে পারবেন। এতে বারবার প্রোফাইল তথ্য এন্ট্রির প্রয়োজন নেই।	

৯

নং	আলোচ্য বিষয়	বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত
৩.	কল্যাণ অনুদান, যৌথবীমা ও দাফন (কর্মরত ও অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যুজনিত) অনুদানের Service Simplification Software(SSS)	প্রধান কার্যালয়ে ৪টি সেবার সমন্বিত সফটওয়্যার নভেম্বর, ২০২০ হতে চালু করা হয়েছে এবং এ পর্যন্ত প্রায় ১৭০০ জন সেবাপ্রার্থী এ সফটওয়্যার ব্যবহার করে সেবা নিয়েছে। ব্যবহারকারীদের ভুল ও সেবাগুলোর বিভিন্ন বৈশিষ্ট্যের জন্য লাইভ কার্যক্রম পরিচালনায় কিছু কিছু ত্রুটি বিচ্যুতি (BRING UP GRADES) পরিলক্ষিত হলে প্রস্তুতকারক প্রতিষ্ঠানের মাধ্যমে সমাধান করে সফটওয়্যারটি প্রতিনিয়ত আপডেট করা হচ্ছে।	বোর্ডের গৃহীত সকল উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা কার্যক্রম প্রতিনিয়ত মনিটরিং এর মাধ্যমে এ অগ্রগতি অব্যাহত রাখতে হবে।
৪.	জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান	জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান ৩টি কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হতো। এ সেবার ক্ষেত্রে বোর্ডের বিধিমালা সংশোধনের মাধ্যমে ২২ জুন, ২০২১ তারিখ হতে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন ও সহজিকরণ করা হয়েছে। বর্তমানে ২টি কমিটির মাধ্যমে চূড়ান্ত অনুদান মঞ্জুরি প্রদান করা হবে। ১৩/০৯/২০২১ তারিখে মহাপরিচালককে সভাপতি করে ১টি বাছাই কমিটি এবং চূড়ান্ত অনুদান মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে ১টি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। এতে অন্য দপ্তরের ওপর নির্ভরশীলতা কমেছে এবং অনুদান মঞ্জুরিতে প্রায় ১২ দিন সময় সাশ্রয় হবে।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (এ কে এম ফজলুজ্জোহা)
 পরিচালক (প্রশাসন)
 ২৬.৬.২১ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।